

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.০০৫.২০২৩.১৯

তারিখ: ১৬ ন্যে ১৪২৯ বঙ্গাব্দ
১০ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মো: রফিউদ্দীন (০২৫১৩৮), অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), বীরশ্রেষ্ঠ শহীদ হামিদুর রহমান ডিগ্রি কলেজ, ঝিনাইদহ এর বিরুদ্ধে উক্ত কলেজের ইংরেজি বিভাগের প্রভাষক জনাব রাহাত জাহানের পদ সৃজন ঠেকাতে যশোর জেলার বাঘারপাড়া উপজেলার বীর প্রতীক ইসহাক কলেজে কর্মরত শিক্ষক জনাব মো: রুহুল আমিনকে নিয়োগ পরীক্ষায় তার থেকে বেশি নম্বর প্রদান করে নিয়োগ প্রদান করেছেন অন্য কলেজ অথবা বিদ্যালয়ের এম.পি.ও ভুক্ত ০৬ (ছয়) জন শিক্ষককে উক্ত কলেজে নিয়োগ দেখিয়ে হাজিরা খাতায় স্বাক্ষর করার সুযোগ দিয়ে অবৈধভাবে পদ সৃজনের জন্য সুপারিশ করেছেন এবং ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও প্রভাষক হিসেবে দায়িত্ব পালন না করে ০২ (দুই) বছর ০৪ (চার) মাস ২৬ (ছাব্বিশ) দিন বেতন-ভাতা নেওয়ার অভিযোগ প্রাথমিকভাবে তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর “অসদাচরণ” ৩(খ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

(সোলেমান খান)
৩০/১/২৩
সচিব

সংযুক্ত: অভিযোগবিবরণী।

স্থায়ী ঠিকানা:

জনাব মো: রফিউদ্দীন
পিতা: মো: নজরুল ইসলাম
গ্রাম- নস্তী
ডাকঘর: সস্তার বাজার
থানা: মহেশপুর
জেলা: ঝিনাইদহ।

বর্তমান ঠিকানা:

জনাব মো: রফিউদ্দীন (০২৫১৩৮)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), বীরশ্রেষ্ঠ শহীদ হামিদুর রহমান ডিগ্রি কলেজ, ঝিনাইদহ।


অনুলিপি:

- ১। স্হাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব মো: রফিউদ্দীন (০২৫১৩৮), অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), বীরশ্রেষ্ঠ শহীদ হামিদুর রহমান ডিগ্রি কলেজ, ঝিনাইদহ এর বিরুদ্ধে উক্ত কলেজের ইংরেজি বিভাগের প্রভাষক জনাব রাহাত জাহানের পদ সৃজন ঠেকাতে যশোর জেলার বাঘারপাড়া উপজেলার বীর প্রতীক ইসহাক কলেজে কর্মরত শিক্ষক জনাব মো: রুহুল আমিনকে নিয়োগ পরীক্ষায় তার থেকে বেশি নম্বর প্রদান করে নিয়োগ প্রদান করেছেন অন্য কলেজ অথবা বিদ্যালয়ের এম.পি.ও ভুক্ত ০৬ (ছয়) জন শিক্ষককে উক্ত কলেজে নিয়োগ দেখিয়ে হাজিরা খাতায় স্বাক্ষর করার সুযোগ দিয়ে অবৈধভাবে পদ সৃজনের জন্য সুপারিশ করেছেন এবং ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও প্রভাষক হিসেবে দায়িত্ব পালন না করে ০২ (দুই) বছর ০৪ (চার) মাস ২৬ (ছাব্বিশ) দিন বেতন-ভাতা নেওয়ার অভিযোগ প্রাথমিকভাবে তদন্তে প্রমাণিত হয়েছে;

প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর “অসদাচরণ” ৩(খ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;



(সোলেমান খান)

সচিব